কালের কণ্ঠ

তারিখ ... 16 JUL 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

### গণপূর্তমন্ত্রী বললেন

# চমেক ক্যাম্পাসেই হবে মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

**নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ▷**

চট্টগ্রাম মেডিক্যাল কলেজ (চমেক) ক্যাম্পাসের পাহাড়ি জমিতেই নির্মাণ করা হবে চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। গতকাল শুক্রবার সকালে বিশ্ববিদ্যালয়ের জন্য সম্ভাব্য স্থান পরিদর্শনে এসে সাংবাদিকদের এ কথা জানান গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন।

চমেক ক্যাম্পাসের স্টাফ কোয়ার্টার ও অধ্যক্ষের বাংলোসংলগ্ন পাহাড়ি এলাকা পরিদর্শন শেষে ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেন, 'এখানে প্রচুর জায়গা আছে। হিলটপ এরিয়াতে বিশ্ববিদ্যালয়টা করলে তা দৃষ্টিনন্দন হবে। তবে পাহাড়ি এলাকার পরিবেশ ও গাছপালা ঠিক রেখেই বিশ্ববিদ্যালয়ের ভবন নির্মাণ করা হবে।'

এ সময় উপস্থিত বিএমএ চট্টগ্রামের সভাপতি ডা. মুজিবুল হক খান বলেন, 'চট্টগ্রাম মেডিক্যাল কলেজে মোট জমির পরিমাণ ৭৮ একর। ক্যাম্পাসেই ১৫ একর খালি জমি পাওয়া গেছে।'

চমেক হাসপাতালের আধুনিকায়নের বিষয়ে জানতে চাইলে মোশাররফ সাংবাদিকদের বলেন, চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালের ধারণক্ষমতা মাত্র ৫০০। এটাকে উন্নীত করতে হবে দুই হাজার থেকে চার হাজারে। আর এ কারণেই পুরনো ভবনগুলো পার্ট বাই পার্ট ভেঙে ভবনগুলো ২০ তলা পর্যন্ত করার পরিকল্পনা নেওয়া হয়েছে।'

পরিদর্শনকালে গণপূর্তমন্ত্রীর সঙ্গে ছিলেন চমেক অধ্যক্ষ অধ্যাপক ডা. সেলিম মোহাম্মদ জাহাঙ্গীর, চমেক হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. জালাল উদ্দিন, বিএমএ চট্টগ্রামের সাধারণ সম্পাদক ও স্বাচিপ নেতা ডা. মোহাম্মদ শরীফ, স্বাচিপ চট্টগ্রাম জেলা শাখার আহ্বায়ক ডা. শেখ শফিউল আজম প্রমুখ।